

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন  
শিক্ষা মন্ত্রণালয়

বিষয়: ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২১-২০২২ বাস্তবায়ন সংক্রান্ত ২য় সভার কার্যবিবরণী।

সভাপতি: মোঃ সোহেল ইমাম খান, ডেপুটি সেক্রেটারি জেনারেল বিএনসিইউ।

তারিখ: ১৯ ডিসেম্বর, ২০২১।

সময়: সকাল ১১.৩০ মিনিট।

স্থান: সভাকক্ষ, বিএনসিইউ।

উপস্থিতি: তালিকা (পরিশিষ্ট-ক)

০২। সভার সভাপতি শুরুতেই উপস্থিত সকলকে বিজয় দিবসের শুভেচ্ছা প্রদানের মাধ্যমে স্বাগত জানান। তিনি পূর্ববর্তী সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহের অগ্রগতি বিষয়ে ইনোভেশন ফোকাল পয়েন্ট জনাব এস এম ফয়সাল আরাফাতকে সংক্ষিপ্ত তথ্য উপস্থাপনার আহ্বান জানান।

০৩। জনাব এস এম ফয়সাল আরাফাত উপস্থিত সকলের অবগতির জন্য জানান যে, পূর্ববর্তী সভার সিদ্ধান্ত ১ অনুযায়ী ইতোমধ্যে বিএনসিইউ'র ইনোভেশন টিম পুনর্গঠন করা হয়েছে এবং এ বিষয়ক তথ্য ওয়েবসাইটে প্রদান করা হয়েছে। যেহেতু অফিস স্থানান্তরের প্রক্রিয়া এখনো সম্পন্ন করা সম্ভব হয়নি, তাই ২ নং সিদ্ধান্ত অনুযায়ী ২০২০-২০২১ অর্থবছরের উদ্ভাবনী ধারণা শোকেজিং হেরিটেজেস এর পূর্ণাঙ্গ বাস্তবায়ন সম্ভবপর হয়নি। জনাব ফয়সাল আরাফাত বলেন, বিগত সভার ৩ নং সিদ্ধান্ত অনুযায়ী বিএনসিইউ'র সিনিয়র প্রোগ্রাম অফিসার মিজ. ফারহানা ইয়াসমিন জাহান এর নির্দেশনায় ইতোমধ্যে ডিসেম্বর মাসের মধ্যে ২ টি প্রশিক্ষণ আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ৪ এবং ৫ নং সিদ্ধান্তের বিষয়ে এএসপিনেটভুক্ত প্রতিষ্ঠান সমূহের সাথে যোগাযোগ করা হয়েছে এবং ৪র্থ শিল্পবিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ক একটি কর্মশালা ইতোমধ্যে আয়োজন করা হয়েছে। তথ্যবাতায়ন হালনাগাদের কাজ চলমান প্রক্রিয়ার অংশ হিসেবে বাস্তবায়ন করা হচ্ছে।

০৪। ইনোভেশন টিমের সদস্যবৃন্দ সভাপতি মহোদয়কে অবহিত করেন যে, ৩০ ডিসেম্বর ২০২১ খ্রি. তারিখের মধ্যে ন্যূনতম একটি ডিজিটাল সেবা বাস্তবায়ন করা ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর আবশ্যিক একটি কার্য। ইনোভেশন টিম অবহিত করেন যে, ডিজিটাল সেবা বিষয়ক কার্যক্রম “ন্যাশনাল কমিশন’স প্রোফাইল” বাস্তবায়ন সংক্রান্ত কার্যক্রম চলমান রয়েছে এবং নির্ধারিত তারিখের মধ্যেই এটি বাস্তবায়ন করা সম্ভব হবে।

০৫। উপস্থাপিত বিষয় সমূহের ভিত্তিতে সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্রম	বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	ডিজিটাল সেবা বাস্তবায়ন	নির্ধারিত তারিখের মধ্যে অবশ্যই বাস্তবায়ন করতে হবে।	ইনোভেশন টিম
০২	ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন বিষয়ক প্রশিক্ষণ	ডিসেম্বর মাসের মধ্যে ২ টি প্রশিক্ষণ আয়োজন করতে হবে।	মিজ ফারহানা ইয়াসমিন জাহান, সিনিয়র প্রোগ্রাম অফিসার।

০৬। সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ সোহেল ইমাম খান  
ডেপুটি সেক্রেটারি জেনারেল  
বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন